সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
ওয়েজখালী সুনামগঞ্জ।

Tel: 0871-62931/62930, Mob: 01769-400075, E-Mail : sunampbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৯০৮৯.৫৬২.০২.০০৮.২১. ৪৫২৭

তারিখঃ- ১৬ কার্তিক' ১৪২৮ বঙ্গাব্দ
০১ নভেম্বর' ২০২১ খ্রিষ্টাব্দ

আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্নিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কম্পিউটার অপারেটর পদে কর্মরত যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ এর আলোকে পদোন্নতির জন্য যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্নিত শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র/নং	পদের নাম	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	অফিস সেক্রেটারী	০১ টি	(ক) কম্পিউটার অপারেটর পদে নূন্যতম ০৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) প্রার্থীকে কম্পিউটার অপারেটর পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ণের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে। (গ) প্রতি মিনিটে ইংরেজী ৬০ ও বাংলাং ৪০ শব্দ নির্দেশ (ডিক্টেশন) গ্রহণে সক্ষম হতে হবে। (ঘ) প্রতি মিনেটে ইংরেজী ৩৫ অথবা বাংলায় ৩০ শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। (ঙ) বাংলা ও ইংরেজী ব্যকরণসহ বানান, বিরামচিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (চ) দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন ইত্যাদি নথিভূক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ছ) সর্বসাধারণের সাথে নম্র ও হাসি-খুশিভাবে মেশার সামর্থ থাকতে হবে। (জ) পবিস কর্মচারী চাকুরীবিধি অনুযায়ী চাকুরীকাল পরিচ্ছন্ন ও সুনামের সাথে অতিবাহিত হতে হবে। (ঝ) পদোন্নতির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-২৪, ৩০০-১৪, ৩০০-৫১ এর সকল শর্ত অবশ্যই পূরণ করতে হবে।

শর্তবলীঃ-

০১। পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকায় {সুনামগঞ্জ সদর, তাহিরপুর, বিশবম্ভরপুর, জামালগঞ্জ, দিরাই, শাল্লা, জগন্নাথপুর, ছাতক, দোয়ারাবাজার ও শান্তিগঞ্জ (সাবেক দক্ষিণ সুনামগঞ্জ) উপজেলার} স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০২। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) যোগাযোগের ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক স্ব-হস্তে লিখিত আবেদনপত্র সহ আগামী ২১/১১/২০২১খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, ওয়েজখালী, সুনামগঞ্জ এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৩। <u>আবেদন পত্রের সহিত নিম্ন বর্নিত কাগজ পত্র সংযুক্ত করতে হবে।</u>

(ক) বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমান পত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
(ঘ) সাম্প্রতিক তোলা ০২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(ঙ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
(চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি।
(ছ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
(জ) (১) সর্বশেষ ০৩ তিন) বছর কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (২)সর্বশেষ ০১ (এক) বছর কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (৩) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (৪) বিগত ০৪ (চার) বছরের ভিতর ০১ বার গুরুদন্ড এবং ০১ বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (৫) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (৬) পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য/বিবেচিত ঘোষিত হয়েছেন (৭) বর্তমান বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময় কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না (৮) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে, তিনি পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না।
(ঝ) সর্বশেষ ০৫ বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
(ঞ) সকল কাগজপত্র এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৪। পদোন্নতির ক্ষেত্রে নিয়োক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবে।

(খ) পদোন্নতির বিষয়ে পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭,৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
(ঘ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মুল বেতন সংরক্ষণ করা হবে।

০৫। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৬। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য ''চলতি দায়িত্ব'' হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে কর্মরত থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট পদে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্ব এর মেয়াদ বৃদ্ধি বা পূর্ববর্তী পদে ফেরৎ যেতে হবে।

০৭। চলতি দায়িত্বে থাকাকালীন এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৮। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালক গণের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

০৯। প্রার্থীগনকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কোন কারণ দর্শানো ছাড়াই যেকোন/আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১১। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

(সুজিত কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার(চঃ দাঃ)

অনুলিপি ঃ-(সদয় অবগতির ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০১. নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২. পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর বাপবিবো, ঢাকা।
০৩. পরিচালক পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..............................পবিস-১/২/৩/৪ **(যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে অবহিত করণসহ তাদের আবেদনপত্র অগ্রগামী করার জন্য অনুরোধ করা হল)।**
০৫. ডিজিএম, ছাতক জোনাল অফিস/(সদর দপ্তর-কারিগরী), সুনামগঞ্জ পবিস।
০৬. এজিএম (প্রশাসন/সদস্য সেবা/অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি),সুনামগঞ্জ পবিস।
০৭. এজিএম (ওএন্ডএম) বিশ্বম্ভরপুর/দিরাই/জগন্নাথপুর/দক্ষিণ সুনামগঞ্জ/তাহিরপুর/দোয়ারাবাজার সাব জোনাল অফিস।
০৮. জনাব নুর মোহাম্মদ, সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), সুনামগঞ্জ পবিস (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হল)।
০৯. নোটিশ বোর্ড, সদর দপ্তর, সুনামগঞ্জ পবিস।
১০. অফিস/মাষ্টার কপি।

(সুজিত কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার(চঃ দাঃ)